



জনসংযোগ উপবিভাগ

বাংলা একাডেমি

ঢাকা ১০০০ ফোন : ৫৮৬১১২৪৮ ফ্যাক্স : ৯৬৬১০৮০

ই-মেইল : banglaacademy.pr@gmail.com, bacademy1955@yahoo.com

ওয়েব সাইট : www.banglaacademy.gov.bd

পত্র সংখ্যা :

তারিখ : ৩০.০৬.২০২২

সংবাদ বিজ্ঞপ্তি

জেলা সাহিত্যমেলা ২০২২ ॥ গোপালগঞ্জ

বাংলা একাডেমি জেলা পর্যায়ের সাহিত্যিকদের সৃষ্টিকর্ম জাতীয় পর্যায়ে তুলে ধরার লক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় বাংলাদেশের প্রতিটি জেলায় সাহিত্যমেলা আয়োজনের উদ্যোগ গ্রহণ করেছে। আগামী ১৮-১৯শে আষাঢ় ১৪২৯/২-৩রা জুলাই ২০২২ গোপালগঞ্জ জেলা প্রশাসনের ব্যবস্থাপনায় গোপালগঞ্জ জেলা শিল্পকলা একাডেমিতে বাংলা একাডেমি আয়োজন করেছে দুই দিনব্যাপী 'জেলা সাহিত্যমেলা'। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন গোপালগঞ্জ-২ আসনের জাতীয় সংসদ সদস্য এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি শেখ ফজলুল করিম সেলিম এমপি। সাহিত্যমেলা উদ্বোধন করবেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী কে এম খালিদ এমপি। প্রধান বক্তা হিসেবে উপস্থিত থাকবেন বাংলা একাডেমির মহাপরিচালক কবি মুহম্মদ নূরুল হুদা। সূচনা বক্তব্য প্রদান করবেন বাংলা একাডেমির সচিব এ. এইচ. এম. লোকমান। ধন্যবাদ জ্ঞাপন করবেন একাডেমির পরিচালক নূরুন্নাহার খানম। সভাপতিত্ব করবেন গোপালগঞ্জ জেলার জেলা প্রশাসক শাহিদা সুলতানা।

প্রবন্ধপাঠ ও আলোচনা

সকাল ১১:৩০টায় অনুষ্ঠিতব্য আলোচনা-পর্বে গোপালগঞ্জ জেলার সাহিত্য-সংস্কৃতি, গোপালগঞ্জ জেলার কবিতা, ছড়া ও পুথি এবং গোপালগঞ্জ জেলার কথাসাহিত্য নাটক, প্রবন্ধ ও অন্যান্য শীর্ষক তিনটি বিষয়ে প্রবন্ধ উপস্থাপিত হবে এবং পঠিত প্রবন্ধ নিয়ে আলোচনা অনুষ্ঠিত হবে। প্রবন্ধ পাঠ ও আলোচনাপর্বে সভাপতিত্ব করবেন বাংলা একাডেমির সভাপতি কথাসাহিত্যিক সেলিনা হোসেন।

লেখক কর্মশালা

দুপুর ২:৩০টায় অনুষ্ঠিতব্য লেখক কর্মশালায় প্রশিক্ষক হিসেবে উপস্থিত থাকবেন বাংলা একাডেমির মহাপরিচালক কবি মুহম্মদ নূরুল হুদা, উপপরিচালক ড. তপন কুমার বাগচী এবং উপপরিচালক ফারহান ইশরাক।

সাংস্কৃতিক অনুষ্ঠান : বিকেল ৫:০০টা অনুষ্ঠিত হবে সাংস্কৃতিক অনুষ্ঠান।

দ্বিতীয় দিনের অনুষ্ঠান ॥ ১৯শে আষাঢ় ১৪২৯/৩রা জুলাই ২০২২ রবিবার

সাহিত্যপাঠ : সকাল ১০:০০টা থেকে ৩:০০টা পর্যন্ত অনুষ্ঠিত হবে কবিকণ্ঠে কবিতাপাঠ, কথাসাহিত্যিকদের ছোটগল্প ও উপন্যাস থেকে পাঠ এবং নাট্যকারদের নাটক থেকে পাঠ।

সাংস্কৃতিক অনুষ্ঠান : বিকেল ৪:০০টায় রয়েছে সমাপনী সাংস্কৃতিক অনুষ্ঠান।

মোহাম্মদ আকবর হোসেন
উপপরিচালক (চলতি দায়িত্ব)